গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
সহকারী প্রকৌশলী(সার্ভে)
www.udd.gov.bd

----

---

| | |
|---|---|
| সভাপতি | শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান<br>সিনিয়র প্ল্যানার |
| সভার তারিখ | ০৯/১১/২০২৩ |
| সভার সময় | বেলা-১২.১৫ ঘটিকা। |
| স্থান | জুম প্ল্যাটফরম |
| উপস্থিতি | সংযুক্ত |

**১। আলোচ্য বিষয়ঃ** জেলা পর্যায়ের বিসি কমিটিতে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে কর্মকর্তা মনোয়ন প্রক্রিয়া ও এর কার্যপরিধি নির্ধারণ।

**২। আলোচনাঃ**

২.১। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন।

২.২। The Building Construction Act, 1952 ও Bangladesh National Building Code (BNBC 2020) এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন কর্তৃপক্ষ সমূহের আওতা বহির্ভূত এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার আওতাভুক্ত এলাকা ব্যতীত সারাদেশে সুউচ্চ ভবন নির্মাণের যাবতীয় নকশা অনুমোদনসহ নির্মাণ কার্যের সকল পর্যায়ে গুণগত মান বজায় রাখার জন্য ও সকল অংশীজনের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০০.০০০০.০৫৩.০০৬.১২.২০১৯.২৮০, তারিখ: ২৯/০৮/২০২৩ এর প্রজ্ঞাপন মোতাবেক সারাদেশের জন্য গঠিত Building Construction Committee (BC Committee) তে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে কর্মকর্তা মনোয়নের নিমিত্তে একটি তালিকা প্রণয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।

২.৩। সভায় বিগত ০৫/১১/২০২৩ তারিখের সভার আলোচনার প্রেক্ষিতে সভাপতি কর্তৃক ই-মেইলে প্রেরিত খসড়া তালিকা নিয়ে আলোচনা হয়।

২.৪। আলোচনায় সিনিয়র প্ল্যানার জনাব আসাদুজ্জামান জানান যে, জেলা পর্যায়ের বিসি কমিটি সংক্রান্ত প্রজ্ঞাপনে এই কমিটিতে কারিগরি সদস্য হিসেবে "স্থপতি" ও "প্রকৌশলী" এর পাশাপাশি একজন নগর পরিকল্পনাবিদের অন্তর্ভুক্তির বিষয়ে নির্দেশনা রয়েছে। কাজেই এ কমিটিতে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে মনোনয়নের নিমিত্তে কেবলমাত্র অত্র দপ্তরের পরিকল্পনাবিদগণকে (প্ল্যানার ও সিনিয়র প্ল্যানার) অন্তর্ভুক্ত করে তালিকা প্রণয়নের প্রস্তাব করেন এবং অন্যান্য সদস্যগণ একমত পোষণ করেন।

২.৫। এ পর্যায়ে অন্যান্য সদস্যগণের সাথে দ্বিমত পোষণ করে সহকারী প্রকৌশলী জনাব মোহাম্মদ নুরুল ইসলাম বলেন যে সহকারী প্ল্যানারগণ পরিকল্পনা প্রণয়ন, ভূমি অধিগ্রহণ ছাড়পত্র সহ প্ল্যানিং প্রকল্প বাস্তবায়ন কাজে সরাসরি জড়িত আছেন এবং প্রজ্ঞাপনের কোথাও প্ল্যানিং ডিগ্রির বিষয় উল্লেখ নাই, কাজেই দপ্তরের সাংগঠনিক কাঠামো মোতাবেক সহকারী প্ল্যানারগণকেও জেলা পর্যায়ের বিসি কমিটিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে মতামত পেশ করেন।

২.৬। দপ্তরের সহকারী প্ল্যানারদের প্ল্যানিং বিষয়ে ডিগ্রী না থাকায় উপরোল্লিখিত প্রজ্ঞাপনের কার্যপরিধির (জ) নং অনুচ্ছেদের সাথে সামঞ্জস্যপূর্ণ না হওয়ায় তাদেরকে উক্ত কমিটির প্রতিনিধি মনোনয়ন দেওয়া সঠিক হবেনা মর্মে অন্যান্য সদস্যগণ মতামত ব্যক্ত করেণ।

২.৭। সভায় আরও আলোচনা করা হয় যে, অত্র দপ্তরের উপ-পরিচালক পদটি ৪র্থ গ্রেড ভুক্ত, কিন্তু জেলা পর্যায়ের বিসি কমিটির সভাপতি ও সদস্য সচিব মুলত ৫ম গ্রেডভুক্ত কর্মকর্তা। এক্ষেত্রে বিসি কমিটিতে তাদের মনোনয়ন প্রদান না করা বিষয়ে সদস্যগণ মতামত প্রদান করেন।

২.৮। মোট ৬৪ জেলা বর্তমানে কর্মরত প্ল্যানার/ সিনিয়র প্ল্যানারগণের মধ্যে বণ্টন করার ক্ষেত্রে আঞ্চলিক অফিস এবং গত ০১/০১/২০১৭ তারিখের স্মারক সি ১/ ৩/ ১৫-১০ এর মাধ্যমে ভূমি ব্যবহার অনাপত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত জোনকে বিবেচনা করা হয়েছে। ৬৪ জেলার বিসি কমিটিতে এ দপ্তরের প্রতিনিধি হিসেবে মনোনয়নের নিমিত্তে এ দপ্তরে বিদ্যমান ১৭ জন কর্মকর্তা সমন্বয়ে একটি তালিকা প্রণয়নের প্রস্তাব করা হয়েছে। সে মোতাবেক প্রত্যেক কর্মকর্তাকে সর্বনিম্ন ৩ টি এবং সর্বোচ্চ ৪ টি জেলার বিসি কমিটিতে প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদান করা যেতে পারে মর্মে সদস্যগণ একমত

পোষণ করেন।

২.৯। সকল জেলার বিসি কমিটিতে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধির অংশগ্রহণ নিশ্চিতকল্পে অত্র দপ্তরে পর্যাপ্ত সংখ্যক নগর পরিকল্পনাবিদের অভাব থাকার বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে একই তারিখে একই প্ল্যানার/ সিনিয়র প্ল্যানারের আওতাধীন একাধিক জেলায় বিসি কমিটির সভা আহ্বান করা হলে বিকল্প কর্মকর্তা (প্ল্যানার/ সিনিয়র প্ল্যানার) একটিতে অংশগ্রহণ করবেন।

২.১০। সভায় কার্যপরিধি সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। উপস্থিত সদস্যগণ উল্লেখ করেন যে, একটি ভবন অনুমোদনের ক্ষেত্রে ভবনের স্থাপত্য বিষয়ক কলা কৌশল এবং এ সম্পর্কিত কারিগরি দিক নিয়ে একজন স্থপতি মতামত প্রদান করেন। ভবনের কাঠামোগত কারিগরী দিক নিয়ে একজন পুর প্রকৌশলী মতামত প্রদান করবেন। অন্যদিকে, এ সভায় একজন নগর পরিকল্পনাবিদের কার্যপরিধি হিসেবে তিনি ভবন সংশ্লিষ্ট সাইটের পারিপার্শ্বিক অবস্থা, ভবন কর্তৃক ভূমির আচ্ছাদনের যথাযথ পরিমাণ, ইমারতের উচ্চতা, ইমারত নির্মাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার মাস্টার প্ল্যান অনুসারে ভূমি ব্যবহার পরিকল্পনা, ভূমি মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ল্যান্ড জোনিং, ভৌত উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন আইন, বিধিমালা, নীতিমালার সংশ্লিষ্ট অংশ, যেমন- পঞ্চবার্ষিক পরিকল্পনা, জলাধার সংরক্ষণ আইন,২০০০, পর্যটন মহাপরিকল্পনা, ২০২৩, পরিবেশ, পানি, দুর্যোগ ব্যবস্থাপনা, কৃষি, উপকূলীয় অঞ্চল, জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আইন/ বিধিমালা/ নীতিমালা/ প্রবিধানমালা/ পরিপত্র/ কোড এর যথাযথ প্রয়োগ হচ্ছে কিনা তা যাচাই করে যথাযথ মতামত প্রদান করবেন।

**৪। সিদ্ধান্তঃ**

৪.১। জেলা পর্যায়ের বিসি কমিটিতে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে নিম্নোক্ত তালিকা অনুসারে সিনিয়র প্ল্যানার/ প্ল্যানারগণকে মনোনয়ন প্রদান করার জন্য সুপারিশ করা হয়।

| ক্রমিক | কর্মকর্তার পদবী ও শাখা | দায়িত্বপ্রাপ্ত জেলার নাম |
|---|---|---|
| **ঢাকা ও বরিশাল বিভাগ** | | |
| ১. | সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, প্রধান কার্যালয় | বরগুনা, টাঙ্গাইল, মুন্সিগঞ্জ, মাদারিপুর, |
| ২. | প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-১, প্রধান কার্যালয় | শরিয়তপুর, গোপালগঞ্জ, নরসিংদী, নারায়ণগঞ্জ |
| ৩. | সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, প্রধান কার্যালয় | ঢাকা, কিশোরগঞ্জ, গাজীপুর, |
| ৪. | সিনিয়র প্ল্যানার, বরিশাল আঞ্চলিক অফিস | বরিশাল, ফরিদপুর, রাজবাড়ি, গাজীপুর, |
| ৫. | প্ল্যানার ১, বরিশাল আঞ্চলিক অফিস | পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, ঝালকাঠি, |
| **চট্টগ্রাম, ময়মনসিংহ ও সিলেট বিভাগ** | | |
| ৬. | সিনিয়র প্ল্যানার, (ট্রেনিং ডকুমেন্টেশন ও প্ল্যানিং) প্রধান কার্যালয় | চট্টগ্রাম, ফেনী, রাঙ্গামাটি, ময়মানসিংহ, |
| ৭. | সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, প্রধান কার্যালয় | ব্রাহ্মনবাড়িয়া, নেত্রকোনা, জামালপুর, শেরপুর |
| ৮. | প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, প্রধান কার্যালয় | নোয়াখালি, লক্ষীপুর, চাঁদপুর, কুমিল্লা, |
| ৯. | সিনিয়র প্ল্যানার, সিলেট আঞ্চলিক অফিস | সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, হবিগঞ্জ, |
| ১০. | সিনিয়র প্ল্যানার, কক্সবাজার আঞ্চলিক অফিস ও প্ল্যানার, ট্রেনিং ডকুমেন্টেশন ও প্ল্যানিং, প্রধান কার্যালয় | কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি |
| **রাজশাহি, রংপুর বিভাগ ও খুলনা বিভাগ** | | |
| ১১. | সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, প্রধান কার্যালয় | রংপুর, দিনাজপুর, নীলফামারী এবং রাজশাহী |
| ১২. | প্ল্যানার ১, আরবান প্ল্যানিং, প্রধান কার্যালয় | কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা, নওগাঁ, |
| ১৩. | সিনিয়র প্ল্যানার, রাজশাহী আঞ্চলিক অফিস | নাটোর, সিরাজগঞ্জ, বগুড়া, পাবনা |
| ১৪. | সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, প্রধান কার্যালয় | ঝিনাইদহ, জয়পুরহাট, এবং পঞ্চগড় |
| ১৫. | প্ল্যানার ১, রিজিওনাল প্ল্যানিং, প্রধান কার্যালয় | মাগুরা, ঠাকুরগাঁও, চাপাই নবাবগঞ্জ, |
| ১৬. | সিনিয়র প্ল্যানার, খুলনা আঞ্চলিক অফিস | খুলনা, সাতক্ষীরা, যশোর, বাগেরহাট, |
| ১৭. | প্ল্যানার ১, খুলনা আঞ্চলিক অফিস | কুষ্টিয়া, মেহেরপুর, নড়াইল, চুয়াডাঙ্গা |

৪.২। জেলা পর্যায়ের বিসি কমিটিতে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধি হিসেবে সিনিয়র প্ল্যানার/ প্ল্যানারগণকে মনোনয়ন প্রদান করে সংশ্লিষ্ট জেলার বিসি কমিটির সভাপতি ও সদস্য সচিবকে পত্র প্রেরণ সাপেক্ষে অবগত করতে হবে।

৪.৩। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং- ২৫.০০.০০০০.০৫৩.০০৬.১২.২০১৯.২৮০, তারিখ: ২৯/০৮/২০২৩ এর প্রজ্ঞাপন মোতাবেক উল্লেখিত কার্য বিবরণী মোতাবেক কমিটির সদস্যগণ কাজ করবেন। তবে নগর পরিকল্পনাবিদগণ অনুচ্ছেদ ২.১০ এ উল্লিখিত ও সংশ্লিষ্ট বিষয়গুলো বিবেচনা করে মতামত প্রদান করবেন।

৪.৪। সকল জেলার বিসি কমিটিতে নগর উন্নয়ন অধিদপ্তরের প্রতিনিধির অংশগ্রহণ নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট সিনিয়র প্ল্যানার/ প্ল্যানারের একই দিনে একাধিক সভা অনুষ্ঠিত হলে একটি সভায় বিকল্প কর্মকর্তা (সিনিয়র প্ল্যানার/ প্ল্যানারের) অংশগ্রহণ করবেন। দপ্তরের মনোনয়ন পত্রে বিকল্প কর্মকর্তার নাম উল্লেখ করতে হবে।

৪.৫। কমিটির সদস্য সচিব জনাব মোহাম্মদ নুরুল ইসলাম ক্রমিক-১ এর তালিকায় দপ্তরের সাংগঠনিক কাঠামো মোতাবেক সহকারী প্ল্যানারগণকে জেলা পর্যায়ের বিসি কমিটিতে অন্তর্ভূক্ত না করায় উক্ত তালিকার বিষয়ে একমত নন মর্মে নোট অব ডিসেন্ট প্রদান করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩-১২-২০২৩
শরীফ মোহাম্মদ তারিকুজ্জামান
সিনিয়র প্ল্যানার
২২৩৩৫০২০৮
smtariquzzaman@yahoo.com

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৫.৪৫.০০০০.০০২.৯৯.০০১.২৩.৩৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
২। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পণা), নগর উন্নয়ন অধিদপ্তর;
৩। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
৪। সিনিয়র প্ল্যানার, আরবান প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
৫। সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর;
৬। সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
৭। সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-১, নগর উন্নয়ন অধিদপ্তর;
৮। সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর;
৯। সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
১০। সিনিয়র প্ল্যানারবৃন্দ আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
১১। সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর।

০৪-১২-২০২৩
মোহাম্মদ নুরুল ইসলাম
সহকারী প্রকৌশলী

**সকল সংযুক্তিসমূহ:**

(১) উপস্থিত কর্মকর্তাবৃন্দ